

যৌন বাহিত রোগ সম্বন্ধে নিজের অবস্থান জানুন



مركز الأمراض الإنتقالية
Communicable Disease Center

عضو في مؤسسة حمد الطبية
A Member of Hamad Medical Corporation



যৌন বাহিত রোগ সম্বন্ধে নিজের অবস্থান জানুন

যৌন বাহিত রোগ সম্বন্ধে নিজের অবস্থান জানুন, যৌন বাহিত সংক্রমিত রোগ গুলো কি কি ?

যেসব রোগ সাধারণত যৌন মিলন সহ অন্তরঙ্গ শারীরিক যোগাযোগ এবং নানাবিধ যৌনকর্মের মাধ্যমে বিস্তার লাভ করে একজনের থেকে অন্যর কাছে সহজে চলে যায়। বর্তমানে এই রোগ খুবই পরিচিত এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুসারে সারা বিশ্বে প্রতিদিন দশ লক্ষের বেশি মানুষ এই রোগে আক্রান্ত হচ্ছে।

যৌন বাহিত রোগ সমূহের ধরণ

- গনোরিয়া এবং সিকিলিস হল কাতারের সবচেয়ে অধিক পরিচিত যৌন বাহিত রোগ।
- এইচআইভি অথবা এইডস হল যৌন বাহিত রোগ সমূহের একটি।

যৌন বাহিত রোগ কিভাবে প্রসারিত হয়?

- যৌন সংসর্গ সহ অন্তরঙ্গ শারীরিক যোগাযোগের মাধ্যমে যৌন বাহিত রোগগুলি একজনের থেকে অন্যর কাছে ছড়িয়ে যায়।
- কিছু যৌন বাহিত রোগ অযৌন উপায়ে যেমন রক্তের মাধ্যমেও ছড়াতে পারে।
- কল্যামাইডিয়া, গনোরিয়া, প্রাথমিকভাবে হেপাটাইটিস বি, এইচআইভি এবং সিকিলিস সহ অনেক যৌন বাহিত রোগ গর্ভাবস্থায় এবং প্রসবের সময় একজন মা এর থেকে তার সন্তানের মধ্যে সংক্রমণ হতে পারে।



যৌন বাহিত রোগ সম্বন্ধে নিজের অবস্থান জানুন

যৌন বাহিত রোগ সমূহের এর সাধারণ লক্ষণগুলো কী কী?

- যৌনাঙ্গে থেকে অস্বাভাবিক স্রাব নির্গত হওয়া
- প্রস্রাব করার সময় অস্বস্তি
- যৌনাঙ্গে চুলকানি এবং/অথবা ফুসকুড়ি
- যৌনাঙ্গে বা মলদ্বারের চারপাশে পিণ্ড বা ত্বকের বৃদ্ধি
- অস্বাভাবিক যোনি রক্তপাত
- যৌনাঙ্গের চারপাশে ফোস্কা বা ঘা

এটা জানা দরকার যে সমস্ত যৌন বাহিত রোগের উপসর্গ নাও থাকতে পারে, তাই যে কেউ সংক্রমিত হতে পারে অথচ সে জানেনা কারণ উপসর্গ নেই বলে।

এই কারণে লোকেদের নিয়মিত পরীক্ষা করানোর কথা বলা হয়, যদিও কোনও স্পষ্ট লক্ষণ বা উপসর্গ না থাকে তবুও।

কিভাবে যৌন বাহিত রোগের প্রতিরোধ করা যায়?

- এই সহজ টিপস অনুসরণ করে যৌন বাহিত রোগ বিকাশের ঝুঁকি কমাতে পারেন:
- যৌন মিলনের সময় কনডম ব্যবহার করা
- তোয়ালে বা অন্তর্বাস শেয়ার করা এড়িয়ে চলা
- হেপাটাইটিস বি এর জন্য টিকা গ্রহণ করা
- কখনোই সিরিঞ্জ বা সূঁচ শেয়ার না করা

যৌন বাহিত রোগের জন্য কোথায় পরীক্ষা করাবেন?

যদি আপনি অথবা আপনার স্ত্রী যদি যৌন বাহিত রোগের কোনো লক্ষণ ও উপসর্গ দেখেন, অথবা আপনি যদি বিশ্বাস করেন যে আপনি যৌন বাহিত রোগের ঝুঁকিতে আছেন তাহলে আপনার কোনো যৌন বাহিত রোগ আছে কি না তা নির্ধারণ করতে আপনার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পরীক্ষা করতে পারেন।

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট নিতে হলে আমাদের প্রাইমারি হেলথ কেয়ার কর্পোরেশনের কাস্টমার সার্ভিস টিম এর (107) নম্বরে কল করতে পারেন।

এছাড়া আপনি সংক্রামক রোগ নিরাময় কেন্দ্রের 40254025 নম্বর এ ফোন করতে পারেন।



আমি অনিরাপদ সেক্স করেছি, আমার এখন কি করা উচিত?

- যদি আপনি আপনার স্ত্রীর স্বাস্থ্য এর ব্যাপারে অনিশ্চয়তা অনুভব করেন তাহলে আপনাকে সংক্রামক রোগ নিরাময় কেন্দ্র (CDC) যাবার জন্য পরামর্শ দেয়া হচ্ছে, আর তা যৌন মিলনের 72 ঘন্টার মধ্যে। তবেই স্বাস্থ্য কর্মীরা আপনাকে যৌনমিলন পরবর্তী প্রতিরক্ষামূলক চিকিত্সার বিষয়ে আপনার প্রয়োজনীয়তা হিসেবে যথাযথ পরামর্শ প্রদান করবেন।
- প্রাথমিক মূল্যায়ন না হওয়া পর্যন্ত সম্পূর্ণ নিরাপদ যৌন মিলনের পরামর্শ দেয়া হচ্ছে।

অন্য কোন অবস্থার কারণে যৌন সংক্রমিত রোগ হওয়ার ঝুঁকি বাড়তে পারে?

1. কনডমের অনুপযুক্ত ব্যবহারের কারণে আপনার যৌন সংক্রমণ রোগের ঝুঁকি বাড়তে পারে।
2. বিনোদনমূলক ওষুধ বা অ্যালকোহলের প্রভাবে যৌন মিলন।
3. মেয়াদ উত্তীর্ণ কনডম ব্যবহার করা।
4. পূর্বের যৌনবাহিত রোগ থেকে থাকলে।

যৌন বাহিত রোগ সম্বন্ধে নিজের অবস্থান জানুন

কনডম কি সম্পূর্ণ সুরক্ষা প্রদান করে?

- সঠিকভাবে কনডম ব্যবহার করা হলে শরীরের তরল এবং শ্লেষমা ঝিল্লি দ্বারা সংক্রামিত যৌন সংক্রমণ সংক্রমণের বিরুদ্ধে অত্যন্ত উচ্চ মাত্রার সুরক্ষা প্রদান করে। যেমন এইচআইভি, গনোরিয়া এবং কল্যামাইডিয়া এবং অনেকাংশে যৌনাঙ্গেগর সিফিলিস আলসার।
- যদিও ত্বকের সংস্পর্শের মাধ্যমে সংক্রামিত হতে পারে যে সব রোগ যেমন হার্পিস ভাইরাস বা হিউম্যান প্যাপিলোমা ভাইরাস যা যৌনাঙ্গেগর আঁচিলের কারণে হয় তা কনডম ব্যবহারের পরেও সম্পূর্ণরূপে প্রতিরোধ করা নাও যেতে পারে।

আমি যৌন সংক্রামিত রোগ সম্পর্কে উদ্বিগ্ন কিন্তু আমি আমার চিকিৎসা তথা গোপনীয়তা সম্পর্কে আরও চিন্তিত

- সংক্রামক রোগ নিরাময় কেন্দ্র আমরা আপনার মেডিকেল নথিগুলিকে লক্ষ্য রেখে খুব যত্ন সহকারে চিকিৎসা করি।
- যৌন স্বাস্থ্য ক্লিনিকে আপনার পরিদর্শন সংক্রান্ত বিশদ বিবরণ শুধুমাত্র সংক্রামক রোগ নিরাময় কেন্দ্রের (CDC) টিমের কাছেই রক্ষিত থাকবে।

গোপনীয় টেলিফোন হেল্পলাইন

- হামাদ মেডিক্যাল কর্পোরেশনের সংক্রামক রোগ নিরাময় কেন্দ্র (CDC) রবিবার থেকে বৃহস্পতিবার সকাল 7টা থেকে বিকাল 3টা পর্যন্ত একটি গোপনীয় যৌন সংক্রমণ রোগ হেল্পলাইন পরিচালনা করবে। আপনি মনে করেন যে আপনার কোনও যৌন সংক্রমণ রোগ আছে বা যৌন সংক্রমণ রোগ সম্পর্কে আরও তথ্যের প্রয়োজন, তাহলে আপনি এই 4025 4022 নম্বরে কল করে উপযুক্ত তথ্য পেতে পারেন। সংক্রামক রোগ নিরাময় কেন্দ্রের চিকিত্সকদের থেকে।
- আপনাকে কোনোভাবেই আপনার নাম বা পরিচয় দিতে হবে না।



রোগী ও পারিবারিক শিক্ষা

@ patienteducation@hmc.org.qa

☎ 4439 1494 / 5

© 2022 Hamad Medical Corporation